

একই স্বারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

মেহেরপুর সদর

www.meherpursadar.meherpur.gov.bd

স্মারক সংখ্যা: ০৫.৪৪.৫৭৮৭.০০০.৫২.৩৭৮.২০২২-৩০৭

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০
২৮ মার্চ ২০২৪


নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রামপুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃংখলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ অনুসারে মেহেরপুর জেলার অন্তর্গত মেহেরপুর সদর উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের জন্য নামের পার্শ্বে বর্ণিত ইউনিয়নের ওয়ার্ড সমূহে গ্রাম-পুলিশ (মহল্লাদার) নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্তাবলী পালন পূর্বক **আগামী ২৪ এপ্রিল ২০২৪ খ্রি: তারিখের মধ্যে** অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর বরাবর জীবন বৃত্তান্তসহ আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	ওয়ার্ড নম্বর	পদের নাম	শূন্য পদের সংখ্যা
০১	বুড়িপোতা	০২	গ্রাম পুলিশ (মহল্লাদার)	০১ টি
০২	আমঝুপি	০১	গ্রাম পুলিশ (মহল্লাদার)	০১ টি

শর্তাবলী :

- শিক্ষাগত যোগ্যতা : প্রার্থীকে গ্রাম-পুলিশ (মহল্লাদার) পদের জন্য ন্যূনতম অষ্টম শ্রেণি পাশ হতে হবে।
- প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- প্রার্থীর বয়স ২৮ মার্চ ২০২৪ খ্রি: তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে।
- প্রার্থীর শারীরিক যোগ্যতা: পুরুষ প্রার্থীর ক্ষেত্রে- সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৫০ কেজি হতে হবে। মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, বকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৪৫ কেজি হতে হবে।
- আবেদন পত্রে প্রার্থীর (ক) নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) বর্তমান ও স্থায়ী ঠিকানা, (ঘ) শিক্ষাগত যোগ্যতা, (ঙ) জন্ম তারিখ, (চ) বয়স, (২৮ মার্চ ২০২৪ খ্রি: তারিখে) (ছ) জাতীয়তা, (জ) ধর্ম, (ঝ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ প্রার্থীকে স্ব-হস্তে আবেদন লিখতে হবে। এছাড়া আবেদন পত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের অনুলিপি, ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্র/এনআইডি কার্ডের ফটোকপি (এনআইডি কার্ডের ফটোকপি ব্যতিত আবেদন গ্রহণযোগ্য হবে না), সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি সংযুক্ত করতে হবে। (২০১০ সালের পর ৮ম শ্রেণী পাশ করেছেন এমন ব্যক্তিদের ক্ষেত্রে (জেএসসি) সার্টিফিকেট বাধ্যতামূলক। জেএসসি সার্টিফিকেট ছাড়া আবেদন বাতিল বলে গণ্য হবে।)
- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগে ইউপি-২ অধিশাখার ০৪ নভেম্বর ২০১৮ খ্রি: তারিখের ৪৬.০১৮.০৩২.০০.০০.০৪০.২০১৫-৫৯৫ স্মারক মোতাবেক গ্রাম-পুলিশ (মহল্লাদার) (সরকারি এবং ইউনিয়ন পরিষদ অংশে ৫০%, ৫০% হারে) বেতন সর্বমোট ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা প্রাপ্য হবেন।
- সোনালী ব্যাংক হতে ১০০/- (একশত) টাকার অফেরৎ যোগ্য ব্যাংক ড্রাফট উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর বরাবর আবেদনের সাথে দাখিল করতে হবে।
- প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রার্থীর পিতা/মাতাকে প্রদত্ত কিউআর কোর্ডযুক্ত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি এবং এতিম ও প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/গ্রামপত্র সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- সরকারি চাকুরি বা কোন বিধিবদ্ধ সংস্থা বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরিতে নিয়োজিত প্রার্থীগণকে স্থায়ী উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে আবেদন করতে হবে।
- এ নিয়োগ গ্রহণ/বাতিল সংক্রান্ত সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(কাজী নাজিব হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
মেহেরপুর সদর

০৭৯১-৬২৫৩১ (অফিস)

ই-মেইল: unomeherpur@mopa.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- জেলা প্রশাসক, মেহেরপুর
- পুলিশ সুপার, মেহেরপুর
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর

অনুলিপি কার্যার্থে/বহুল প্রচারের জন্য:-

- উপজেলা-----কর্মকর্তা, মেহেরপুর সদর
- চেয়ারম্যান বুড়িপোতা/আমঝুপি ইউনিয়ন পরিষদ, মেহেরপুর সদর (বিজ্ঞপ্তি তাঁর ইউনিয়ন ও ওয়ার্ডেও গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাটবাজার সমূহে প্রচার করার জন্য অনুরোধ করা হলো)